



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

জগন্নাথ বিশ্ববিদ্যালয় ৬ষ্ঠ আন্তঃবিভাগ ক্রিকেট প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠান



১০ ডিসেম্বর, ২০১৯-মঙ্গলবার ক্রীড়া উপ-কমিটি (ক্রিকেট), জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে ৬ষ্ঠ আন্তঃবিভাগ ক্রিকেট প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠান ভাষা শহীদ রফিক ভবন চত্বরে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

ক্রীড়া উপ-কমিটি (ক্রিকেট), জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আহবায়ক ড. মোহাম্মদ আব্দুল বাকীর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ এবং কেন্দ্রীয় ক্রীড়া কমিটির আহবায়ক অধ্যাপক ড. মোহাঃ আলী নূর। এসময় বিশ্ববিদ্যালয়ের অন্যান্য সিনিয়র শিক্ষক-শিক্ষিকাবৃন্দ উপস্থিত ছিলেন।

এবারের প্রতিযোগিতায় গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ চ্যাম্পিয়ন এবং পরিসংখ্যান বিভাগ রানার্স আপ হওয়ার গৌরব অর্জন করে। ম্যান অব দ্য টুর্নামেন্ট পরিসংখ্যান বিভাগের আদনান এবং ম্যান অব দ্য ম্যাচ হয়েছেন গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের মাহমুদুর রহমান। উল্লেখ্য গত ৭ নভেম্বর প্রতিযোগিতার উদ্বোধন হয় এবং বিশ্ববিদ্যালয়ের ৩৪ টি বিভাগ ও ২ টি ইনস্টিটিউট মিলে মোট ৩৬ টি দল প্রতিযোগিতায় অংশগ্রহণ করে।

অনুষ্ঠানে সম্প্রতি সাউথ এশিয়ান (এসএ) গেমসের ১৩ তম আসরে বাংলাদেশের হয়ে কারাতে ইভেন্টে সোনা জয়ী চারুকলা বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ছাত্রী মারজান আক্তার উপস্থিত ছিলেন। উপাচার্য মহোদয় মারজানকে শুভেচ্ছা জানান এবং মারজানের জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তর পর্যায় পর্যন্ত যাবতীয় টিউশন ফি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বহন করবে বলে ঘোষণা দেন।